গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সংস্থাপন-১ শাখা
www.mole.gov.bd

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২০.৩৮.২৫৫.১৭-**২৭৩**

তারিখ: ২২ ভাদ্র, ১৪৩৩ / ০৬ সেপ্টেম্বর, ২০২৬

সাময়িক বরখাস্ত আদেশ

যেহেতু জনাব মাছুম বিল্লাহ, আইন কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক সরকারের বিদ্যমান আউটসোর্সিং নীতিমালার বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেসবুক)-এ ভিডিও বার্তায় বিরুপ মন্তব্য প্রদান করা হয়েছে; যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) অনুযায়ী ''অসদাচরণ" এর পর্যায়ভুক্ত ও একই বিধির ৩(খ) অনুযায়ী তিনি অসদাচরণের অভিযোগে অভিযুক্ত এবং তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

০২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১২ (১) অনুযায়ী কর্তৃপক্ষ তাঁকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন মনে করে;

০৩। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১২ (১) অনুযায়ী জনাব মাছুম বিল্লাহ, আইন কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর-কে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোহাম্মদ মাসুম)
উপসচিব
ফোনঃ ২২৩৩৩৫৭১৪০
section10@mole.gov.bd

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২০.৩৮.২৫৫.১৭-**২৭৩/(৮)**

তারিখ: ২২ ভাদ্র, ১৪৩৩ / ০৬ সেপ্টেম্বর, ২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:

১। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, বিজয় নগর, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা,ঢাকা।
৫। জনাব মাছুম বিল্লাহ, আইন কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, বিজয় নগর, ঢাকা।
৬। যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। উপসচিব (সংস্থাপন অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (উপসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। অফিস কপি।

০৬/০৯/২০২৬
(মোহাম্মদ মাসুম)
উপসচিব

D:\সংস্থাপন ১\অভিযোগ ও মামলা সংক্রান্ত\[illegible]র কর্মকর্তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ সংক্রান্ত\Letter.docx